

৪/৮/০৭

আসন সঙ্কট : উচ্চশিক্ষার সুযোগ পাচ্ছে না আড়াই লাখ শিক্ষার্থী

ফরিদ উদ্দিন

এখনের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে আড়াই লাখেরও বেশি শিক্ষার্থী উচ্চশিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হবে। আগের দেশের নামকরা শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে ভর্তি হতে পারবে প্রায় ৩ লাখ শিক্ষার্থী। আর এবারে জিপিএ-৫ বেড়ে যাওয়ায় নামকরা শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি হতে শিক্ষার্থীদের কঠিন প্রতিযোগিতার মুখোমুখি হতে হবে।

চলতি বছরের ৭টি শিফা বোর্ডের অধীনে এইচএসসি, মাদরাসা শিফা বোর্ডের আলিম, ফাজিল ও কামিল এবং কারিগরি শিফা বোর্ডের এইচএসসি (স্বাস্থ্য ব্যবস্থাপনা), ডিপ্লোমা ইন কমার্স ও এইচএসসির (ভোকেশনাল) অধীনে মোট পরীক্ষার্থী ছিল ৫ লাখ ৩৩ হাজার ১৫৮ জন। এর মধ্যে পাস করেছে ৩ লাখ ৪৯ হাজার ৭৪৯ জন শিক্ষার্থী।

বাংলাদেশ শিফা তথা ও পরিনংমান ব্যুরোর তথ্য অনুযায়ী, দেশের ২৯টি সরকারি, ৫৪টি বেসরকারি, ৫টি প্রকৌশল ও ১৫টি মেডিকেল কলেজ রয়েছে। এসব শিক্ষাপ্রতিষ্ঠানে প্রায় ৫০ হাজার শিক্ষার্থী প্রথম বর্ষে ভর্তি হওয়ার সুযোগ পাবে। ফলে পাস করা প্রায় ৩ লাখ ছাত্রছাত্রীকে বিকল্প ব্যবস্থা করতে হবে। তাদের মধ্যে অর্ধাংশ প্রায় ৩৫ হাজার ছাত্রছাত্রী জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কলেজে ভর্তি হওয়ার সুযোগ পাবে।

বিগত বছরগুলোর চেয়ে জিপিএ-৫

পাওয়া শিক্ষার্থীর সংখ্যা বেশি হওয়ার কারণে সরকারি বিশ্ববিদ্যালয়, মেডিকেল ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়গুলোতে ভর্তির জন্য কঠোর প্রতিযোগিতায় অবতীর্ণ হতে হবে। গত বছর মাদরাসা ও কারিগরিনহ এইচএসসির ৯টি শিফা বোর্ডে জিপিএ-৫ পাওয়া ছাত্রছাত্রীর সংখ্যা ছিল ৯ হাজার ৮৬৪ জন। এ বছর জিপিএ-৫ পেয়েছে ১১ হাজার ১৪০ জন।

বাংলাদেশ শিফা তথা ও পরিনংমান

ব্যুরোর (ব্যানবেইস) তথ্য মতে, দেশের প্রথম সারির ৯টি বিশ্ববিদ্যালয়ের ভর্তির বিষয়ে প্রথম বর্ষে ছাত্রছাত্রী ভর্তির জন্য আসন রয়েছে প্রায় ২৫ হাজার। এর মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৪ হাজার ৫৮৪টি, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ৩ হাজার ৬০০টি, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ৬৬১টি, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ১ হাজার ৬১৫টি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ৫ হাজার ৪০টি, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২ হাজার ৩৮৮টি, ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২ হাজার ৪৫৭টি, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১ হাজার ১৭৯টি এবং কুলনা বিশ্ববিদ্যালয়ে ৩ হাজার ৪১টি। অবশিষ্ট সরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে আরও প্রায় ১৫ হাজার ছাত্রছাত্রী ভর্তি হওয়ার সুযোগ পাবে। দেশের ১৫টি মেডিকেল কলেজে মোট আসন রয়েছে প্রায় ১ হাজার ৭০০টি। এছাড়া দেশের ৫৪টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারবে ১১ হাজার ৭২৭ জন ছাত্রছাত্রী। তবে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে এ আসন সংখ্যা হেরফের হতে পারে বলে জানান ব্যানবেইনের সংশ্লিষ্ট কর্মকর্তা।

সূত্র মতে, সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ এবং জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজসহ উচ্চশিক্ষার জন্য মোট আসন রয়েছে প্রায় ৮৫ হাজার। ফলে এবার

আসন : ৭৪ ১১ কঃ ৮

আসন : সঙ্কট
(১২ পৃষ্ঠার পর)

এইচএসসি পাস করা আড়াই লাখেরও বেশি শিক্ষার্থী উচ্চশিক্ষা থেকে বঞ্চিত হবে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় মন্ত্রণালয় কমিশনের চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম 'সংবাদ'কে বলেন, যারা জিপিএ-৫ পেয়েছে তাদের অনেকেই দেশের সেরা বিশ্ববিদ্যালয়গুলোতে ভর্তি হওয়ার সুযোগ পাবে না। যাদের সামর্থ্য আছে তাদের অনেকেই বেসরকারি বিশ্ববিদ্যালয়ের দিকে চলে যাবে। কিন্তু সেরা বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে ছাত্রছাত্রীদের কঠোর প্রতিযোগিতায় অবতীর্ণ হতে হবে।